তারিখ ... 11 AUG 1997 ... ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

103

## শিক্ষা সচিব সকাশে শিক্ষক সমিতি প্রতিনিধিদল

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে এক প্রতিনিধিদল গত ৫ আগষ্ট শিক্ষা সচিব কাজী রকিব উদ্দিন আহমেদের সংগে সাক্ষাৎ করিয়া শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান সমস্যাসমূহ অবহিত করেন। শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ, বেসরকারী শিক্ষকদের সংশোধিত নতুন জাতীয় স্কেলে অন্তর্ভুক্তি, মূল বেতনের ১০০% প্রদান, জনবল কাঠামো সংশোধন,

(৮ম পৃঃ দ্রঃ)

## শিক্ষা সচিব সকাশে

(৩য় পৃঃ পর)

কলেজে সহযোগী অধ্যাপক ও অধ্যাপকের পদ সৃষ্টি, স্কুলে প্রধান শিক্ষককে সরকারী স্কুলে সমান স্কেল প্রদান। সহকারী প্রধান শিক্ষককে উচ্চতর স্কেল প্রদান, ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি গঠনের সংশোধিত নিয়মাবলী জারি, পাহাড়ী শিক্ষকদের পাহাড়ী ভাতা প্রদান, জাতীয়কৃত কলেজসমূহে ১৯৮৫ সালের আত্মীকরণ বিধিমালা কার্যকর করার সুপ্রীম কোর্টের রায় বাস্তবায়ন ত্বরান্বিত করা, প্রভাষকদের ৪১০০/- টাকার স্কেল প্রদান, রিটেনশন প্রথা বিলোপ করিয়া পদসমূহ স্থায়ী করা সরকারী স্কুলের সরকারী শিক্ষকদের পদ গেজেটেড ঘোষণা, মাধ্যমিক শিক্ষার জন্য পৃথক অধিদপ্তর সৃষ্টি এবং কোটা অনুসারে মাধ্যমিক শিক্ষকদের দ্বারা প্রশাসনিক পদ পূরণ, ইত্যাদি ১৪টি বিষয় আলোচিত হয়।

—প্রেস বিজ্ঞপ্তি